গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
ঈশ্বরদী,পাবনা
doict.ishurdi.pabna.gov.bd

স্মারক নম্বর: ৫৬.০৪.৭৬৩৯.০০০.০০০.০৬.০০০১.২৫-১৫৯

তারিখ ০৯ পৌষ, ১৪৩২ বঙ্গাব্দ
২৪ ডিসেম্বর, ২০২৫খ্রিঃ

বিতরণ: সদয়জ্ঞাতার্থে ও কার্যার্থে ( জ্যেষ্ঠতার ক্রমানু সারে নয় )
১। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর ,আইসিটি টাওয়ার,আগারগাঁও ঢাকা।
২। উপজেলা নির্বাহী অফিসার, ঈশ্বরদী,পাবনা।
২। প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, জেলা কার্যালয়, পাবনা।
৩। সদস্য (সকল) .............................. অফিসার,ঈশ্বরদী,পাবনা।
৪। অফিস কপি।

( মোসাঃ হাসিনে জান্নাত )
উপজেলা আইসিটি অফিসার
এবং
সদস্যসচিব, উপজেলা আইসিটি কমিটি
ঈশ্বরদী,পাবনা।

# ঈশ্বরদী উপজেলার আইসিটি কমিটির ডিসেম্বর/২০২৫ মাসের মাসিক কার্যবিবরণী

সভাপতি : মোঃ আরিফুর রহমান, উপজেলা নির্বাহী অফিসার, ঈশ্বরদী, পাবনা।
স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ।
তারিখ : ২৪ ডিসেম্বর, ২০২৫ খ্রিঃ

সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা এবং গত মাসের কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। সভায় নিম্ন বর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ-

সভার আলোচনা এবং সিদ্ধান্তঃ

| ক্রমিক | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | **ইডিসি প্রকল্পঃ** ইডিসি প্রকল্পের মাধ্যমে মাধ্যমিকে শিক্ষা অধিদপ্তরে ৫০ টি, প্রাথমিকে ১০০টি, স্বাস্থ্য সেবা অধিদপ্তরে ২৮টি, জাতীয় বিশ্ববিদ্যালয়ে ৭টি, ভূমি অফিসে ৫টি, মাদ্রাসা ও টেক্সটাইল ভোকেশনালে ২টি এবং সরকারী অফিসে ১টি উচ্চ গতির ইন্টারনেট কানেকশন প্রদান করা হয়। এই প্রকল্পের মাধ্যমে রাউটার ও কানেকশনের যাবতীয় ব্যয় প্রকল্প অফিস পরিশোধ করবে। মাসিক ইন্টারনেট ফি ১০০০/- টাকা সংশ্লিষ্ট অফিস পরিশোধ করবে। | এযাবৎ পর্যন্ত নতুন ভাবে আর কোন কানেকশন দেওয়া হয়নি। মোট ১৯৩ টি প্রতিষ্ঠানে কানেকশন প্রদান সম্পন্ন হয়েছে এবং ত্রিপক্ষীয় চুক্তি সাক্ষর চলমান রয়েছে। সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে ইন্টারনেট কানেকশন যাচাই কার্যক্রম চলমান রাখতে হবে এবং প্রদত্ত কানেকশন সমূহে কোন রূপ সমস্যা পরিলক্ষিত হলে তাৎক্ষনিক সমাধানের ব্যবস্থা গ্রহন করতে হবে। | ইউনিকম মাল্টি সিস্টেম ইন্টারনেট প্রোভাইডার,<br>সহকারী প্রোগ্রামার |
| ২ | **আইসিডি ডিজিটাল ল্যাবঃ**<br>এই উপজেলায় ২৪টি শিক্ষা প্রতিষ্ঠানে আইসিডি ডিজিটাল ল্যাব রয়েছে। উক্ত ল্যাবগুলো srdl.gov.bd তালিকা ভুক্ত করা রয়েছে। উক্ত ল্যাবের ব্যবহার বৃদ্ধিতে কার্যক্রম সংক্রান্ত আলোচনা হয়।<br>এছাড়া ইডিসি প্রকল্পের আওতায় অত্র উপজেলায় ১৪টি প্রতিষ্ঠান ল্যাবের জন্য সুপারিশ প্রাপ্ত হয়েছে। | আইসিডি ডিজিটাল ল্যাব পরিদর্শন কার্যক্রম চলমান রাখতে হবে। ল্যাব পরিদর্শনের মাধ্যমে ল্যাবের ব্যবহার মনিটরিং করতে হবে। প্রস্তাবিত ল্যাব যেন প্রতিষ্ঠানগুলো দ্রুত পেতে পারে সে বিষয় প্রকল্প দপ্তরে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার/ সহকারী প্রোগ্রামার |
| ৩ | **ওয়েব পোর্টালঃ**<br>উপজেলার প্রতিটি অফিসের নিজস্ব ওয়েব পোর্টালের তথ্য হালনাগাদ করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। উপজেলার অফিসের পোর্টাল আপডেট শতভাগ আপডেটের কাজ চলমান আছে। | ওয়েব সাইট হালনাগাদ করন এবং সাইবার নিরাপত্তা নিশ্চিত করার জন্য দপ্তর প্রধানদের যথাযথ ব্যবস্থা গ্রহন করতে হবে এবং ওয়েব পোর্টাল নিয়মিত হালনাগাদ করতে হবে।সভায় সিদ্ধান্ত হয় ওয়েব পোর্টাল বিষয়ক একটি কর্মশালা আয়োজন করা হবে। | দপ্তর প্রধানগণ<br><br>সার্বিক সহায়তায়ঃ<br>সহকারী প্রোগ্রামার |
| ৪ | উপজেলা আইসিটি কমিটির সভায় উপস্থিতির বিষয়ে আলোচনা করা হয়। | উপজেলা কমিটির সকল সদস্যরে উপস্থিতি নিশ্চিত করতে যথা সময়েপত্র প্রেরণ ও মুঠো ফোনের মাধ্যমে অবগত করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার/ সহকারী প্রোগ্রামার |
| ৫ | **ই-নথি/ডি-নথি বাস্তবায়নঃ** উপজেলা আইসিটি কমিটির সভায় ডি-নথি বাস্তবায়ন নিয়ে আলোচনা হয় এবং প্রশিক্ষনের মাধ্যমে দক্ষতা উন্নয়নের বিষয়ে আলোচনা হয়। | উপজেলা পরিষদের অর্থায়নে ডি-নথি প্রশিক্ষনে প্রশিক্ষণের ব্যবস্থা করা হয় । এছাড়া উপজেলা পর্যায়ে যথাযথই-নথি বাস্তবায়ন নিশ্চিত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। এক্ষেত্রে উপজেলা আইসিটি কার্যালয় কারিগরি সহয়তা প্রদান করবে। | উপজেলা নির্বাহী অফিসার/দপ্তর প্রধানগণ/ সহকারী প্রোগ্রামার |

পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

২৪/১২/২৫

(মোঃ আরিফুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
এবং
সভাপতি, উপজেলা আইসিটি কমিটি
ঈশ্বরদী,পাবনা।